



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট  
বিদ্যালয় শাখা  
www.sylhetboard.gov.bd



জবুরি  
সীমিত

স্মারক নম্বর: ৩৭.১৪.৯১০০.৪০০.৫৬.০৬৪.২২.৫৪৩

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৮  
০৬ মার্চ ২০২২

বিষয়: স্বীকৃতির মেয়াদ নবায়ন প্রসঙ্গে।

সূত্র: তার ২৫/১০/২০২১ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তার প্রতিষ্ঠানের মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার স্বীকৃতি নবায়নের মেয়াদ ০১/০১/২০২২ খ্রি. হতে ৩১/১২/২০২৪ খ্রি. পর্যন্ত মোট ০৩ (তিন) বছরের জন্য নিম্নে বর্ণিত শর্তে নবায়ন করা হলো।

শর্তাবলী

১. জে.এস.সি ও এস.এস.সি পরীক্ষার ফলাফলের সংখ্যাগত ও গুণগতমান বৃদ্ধি করতে হবে;
  ২. সহপাঠক্রমিক কার্যাবলী: যেমন-খেলাধুলা, শরীরচর্চা, ক্লাউটিং ও বিতর্ক অনুষ্ঠানসহ দেশীয় সংস্কৃতির চর্চা চালু রাখতে হবে;
  ৩. নিয়মিত আভ্যন্তরীণ অডিট কার্যক্রম চালু রাখতে হবে এবং অডিট রিপোর্ট ম্যানেজিং কমিটির সভায় উপস্থাপন পূর্বক অনুমোদন করাতে হবে;
  ৪. পর্যাপ্ত বইসহ আলাদা লাইব্রেরী কক্ষের ব্যবস্থা করত: শিক্ষার্থীদের মধ্যে রেজিস্ট্রারের মাধ্যমে বই বিতরণের ব্যবস্থা করতে হবে;
  ৫. গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি বিধিমালা ২০০৯-যথাযথভাবে অনুসরণ করতে হবে;
  ৬. শিক্ষার্থীদের নিকট হতে সরকার/বোর্ড কর্তৃক নির্ধারিত ফি এর অতিরিক্ত আদায় করা যাবে না;
  ৭. প্রতিষ্ঠানের চারিপাশে বনজ, ফলজ ও ঔষধি বৃক্ষ রোপণকরত: পরিচর্যার ব্যবস্থা গ্রহণ করতে হবে;
  ৮. শিক্ষার্থীদের দেশপ্রেম ও মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধকরণের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- স্বীকৃতির মেয়াদ উত্তীর্ণের ০৩ (তিন) মাস পূর্বে যথা নিয়মে নবায়নের জন্য আবেদন করতে হবে। আরোপিত শর্তসমূহ পরিপূরণ জনিত পরিদর্শন প্রতিবেদন পাওয়ার পর পরবর্তী মেয়াদের জন্য স্বীকৃতি নবায়নের বিষয়টি বিবেচনা করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

৬-৩-২০২২

মোহাম্মদ মঈনুল ইসলাম

বিদ্যালয় পরিদর্শক

ইমেইল:

chairmanbisesyl@gmail.com

প্রধান শিক্ষক, মাস্টার শরাফত আলী উচ্চ বিদ্যালয়,  
কুলাউড়া, মৌলভীবাজার

স্মারক নম্বর: ৩৭.১৪.৯১০০.৪০০.৫৬.০৬৪.২২.৫৪৩/১(৬)

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৮  
০৬ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২) মহাপরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়-১, সোনারগাঁও রোড, (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
- ৩) পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র শিক্ষা বোর্ড।
- ৪) জেলা শিক্ষা অফিসার, মৌলভীবাজার।
- ৫) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কুলাউড়া, মৌলভীবাজার।